চ্যান্সেলরের প্রবিধান

শ্রেণি:	**শিক্ষার্থী**	জারি: 8/15/12	নম্বর:	**A-701**
বিষয়:	স্কুল হেলথ সার্ভিসেস		পৃষ্ঠা:	1 of 1

পরিবর্তনের সংক্ষিপ্তসার

এই প্রবিধান ২৯ জুন ২০০৯ সালে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-701 এর স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- যোগাযোগের তথ্য হালনাগাদ করা হয়েছে।

সারাংশ

নিউ ইয়র্ক সিটি চার্টার এবং নিউ ইয়র্ক সিটি হেলথ কোড অনুসারে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিনের দায়িত্ব স্বাস্থ্য পরিসেবা জোগান। ডিপার্টমেন্ট অভ এডুকেশনের দায়িত্ব হচ্ছে স্কুল স্বাস্থ্য কর্মসূচি এবং পরিসেবা দেখভাল করা যা নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ল ("এড ল") এবং নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ ল ("পিএইচএল"), এবং নিউ ইয়র্ক সিটি হেলথ কোড অনুসারে আবশ্যিথ। এই প্রবিধান এসব আইন ও বিধিবিধান মেনে চলার পদ্ধতি বরণন্ করে।

I. প্রেক্ষাপট

A. স্কুল হেলথ প্রোগ্রাম

1. স্কুল স্বাস্থ্য কর্মসূচি শিক্ষার্থীর শিক্ষা ও অগ্রগতিকে সহায়তা করে।

2. শিক্ষার্থীকে সুনির্দিষ্ট স্বাস্থ্য পরিসেবা দেয়ার যৌথ দায়িত্ব ডিপার্টমেন্ট অভ এডুকেশন ("ডিওই") এবং ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন ("ডিওএইচএমএইচ") এর।

3. অফিস অভ স্কুল হেলথ ("ওএসএইচ") হচ্ছে ডিওই এবং ডিএইচএমএইচ এর একটি যৌথ কর্মসূচি এবং স্কুল স্বাস্থ্য কর্মসূচি, নীতিমালা এবং পদ্ধতি প্রণয়ন ও নিরীক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত।

B. শিক্ষার্থীর স্বাস্থ্য রেকর্ড

1. শিক্ষার্থীর স্বাস্থ্য রেকর্ড স্কুলের একজন প্রাত্যহিক হেলথ সার্ভিস প্রোভাইডারকে শিক্ষার্থীর স্বাস্থ্যের চলমান রেকর্ড জোগায়, বিভিন্ন হেলথ সার্ভিস প্রোভাইডারের মধ্যে যোগাযোগ সমন্বয় করে, এবং স্কুলকে শিক্ষার্থীর এমন গুরুত্বপূর্ণ স্বাস্থ্য সমস্যা সম্পর্কে সতর্ক করে যা হয়ত শিক্ষার্থীর কল্যাণ এবং শিক্ষণকে প্রভাবিত করছে। শিক্ষার্থীর স্বাস্থ্য রেকর্ডের মধ্যে আছে:

   a. তথ্য এটিএস (অটোমেট দ্য স্কুল) এ সংরক্ষণ করা হয়। শিক্ষার্থী-নির্দিষ্ট কম্প্যুটার সিস্টেমে ডিওই টিকা, যক্ষ্মা পরীক্ষা, চোখ/কান স্ক্রিনিং, স্বাস্থ্য পরিসেবা, সেকশন ৫০৪ প্ল্যান, স্বাস্থ্য অ্যালার্ট এবং স্বাস্থ্য বিমা সংক্রান্ত সংরক্ষণ করে।

   b. ফরম সিএইচ ২০৫ – চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথ এক্সামিনেশন ফরম (ইতিপূর্বে ২১১এস – নিউ অ্যাডমিশন ফিজিক্যাল এক্সাম নামে পরিচিত)[1]

   c. ফরম ১০৩এস – স্কুল মেডিক্যাল রেকর্ড, শিক্ষার্থীর ডিওএইচএমএইচ কমপ্রিহেনসিভ মেডিক্যাল রেকর্ড, স্কুলে প্রাত্যহিক হেলথ সার্ভিস প্রোভাইডার সংরক্ষণ এবং নিরীক্ষণ করেন।

   d. ফরম ১০৪এস – কিউম্যুলেটিভ হেলথ রেকর্ড, ডিওই ক্লাসরুম শিক্ষকের পর্যবেক্ষণের রেকর্ড, স্ক্রিনিং এবং অন্যান্য সুনির্দিষ্ট স্বাস্থ্য তথ্য।

   e. ওএসএচি অটোমেটেড স্টুডেন্ট হেলথ রেকর্ড ("এসএসএইচআর") এটিএস উপাত্ত এবং স্কুলের নার্স ও অন্যান্য স্কুল হেলথ প্রোভাইডার প্রদত্ত বাড়তি তথ্য এর অন্তর্ভুক্ত।

   f. টিকা দেয়ার সার্টফিকেট এবং শিক্ষার্থীর টিকা দেয়া সংক্রান্ত অন্যান্য রেকর্ড।

2. তথ্যে অভিগম্যতা

   a. শিক্ষার্থীর স্বাস্থ্য রেকর্ড গোপনীয় নথি।

   b. ওএসএইচ স্টাফ প্রিন্সিপ্যাল এবং অন্যান্য যথাযথ স্কুল কর্মীকে সেই ধরনের স্বাস্থ্য তথ্য জোগাবেন যা শিক্ষার্থীর স্কুলে অংশগ্রহণকে ক্ষতিগ্রস্ত করতে পারে বা যা সুনির্দিষ্ট স্বাস্থ্য বাধ্যবাধকতা মেনে চলার জন্য প্রয়োজনীয়। তথ্য এভঅবে আদানপ্রদান করা হবে যা মেডিক্যাল রেকর্ডের গোপনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

II. স্বাস্থ্য মূল্যায়ন

A. শারীরিক পরীক্ষা

1. নতুন ভর্তি

a. প্রথমবারের মত পাবলিক স্কুলে ভর্তি সব শিক্ষার্থীকে স্কুলে ভর্তির একবছরের মধ্যে অবশ্যই একজন লাইসেন্সধারী মেডিক্যাল প্রোভাইডার (ডাক্তার, কর্তব্যরত নার্স অথবা ডাক্তারের স্বাক্ষরসহ ডাক্তারের সহকারী) সামগ্রিক মেডিক্যাল পরীক্ষণ্ত করবেন।

i. প্রি-কিনডারগার্টেনে নতুন ভর্তি সবাইকে অবশ্যই সিএইচ ২০৫ জমা দিতে হবে তাদের মেডিক্যাল প্রোভাইডারকে দিয়ে ফরমটি পূরণ করিয়ে। এই ফরম ভর্তির পর যথাশীঘ্র ফেরত দিতে হবে। কে-১২ গ্রেডে নতুন ভর্তি শিক্ষঅর্থীদেরও সিএইচ ২০৫ জমা দিতে হবে। স্কুলে থেকে যাওয়া প্রিকিনডারগার্টেনের শিক্ষার্থীদের কিনডারগার্টেনে আরেকটি নতুন সিএইচ ২০৫ জমা দিতে হবে।

b. স্বাস্থ্য মূল্যায়ন না হওয়ার কারণে একজন শিক্ষার্থীকে স্কুলে আসা থেকে বিরত করা যেতে পারে। যদি পিতামাতা[1] এধরনের মূল্যায়নের কাগজপত্র জমা দিতে না পারেন, তাহলে ডিওএইচএমএইচ স্কুল হেলথ প্রোভাইডার নিউ ইয়র্ক সিটি হেলথ কোডের 49.05 ধারা অনুসারে শিক্ষার্থীকে পরীক্ষা করবেন একটি সিএইচ ২০৫ পূরণ করবেন। পিতামাতাদের পরীক্ষার কথা অবহিত এবং পরীক্ষায় উপস্থিত থাকতে উৎসাহিত করা হবে। পিতামাতার অনুপস্থিতিতে ডিওএইচএমএইচ অথবা প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত ব্যক্তি কর্তৃক নিযুক্ত শ্যাপরন অবশ্যই স্বাস্থ্য পরীক্ষায় উপস্থিত থাকবেন।

2. বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা

আমেরিকান অ্যাকাডেমি অভ পেডিয়াট্রিক্সরে সুপারিশ অনুসারে স্কুলের উচিত শিক্ষার্থীদেরকে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করানর পরামর্শ দেয়। ডিওএইচএমএইচ কর্মীরা এসব পরিসেবা দেন না।

a. উচ্চতা এবং ওজন

শিক্ষার্থীদেরকে প্রত্যেক স্কুলবছরে তাদের উচ্চতা এবং ওজন পরিমাপ করাতে হবে। এটি অবশ্যই ক্লাসরুম শিক্ষক অথবা শরীরচর্চা শিক্ষক (এনওয়াইসি ফিটনেসগ্রাম পরিমাপ প্রক্রিয়ার অংশ হিশেবে) এভাবে করবেন যাতে ফলাফলের গোপনীয়তা এবং শিক্ষার্থীর প্রাইভেসি রক্ষিত হয়। ফলাফল অবশ্যই শিক্ষকের ক্লাসরুম হেলথ রেকর্ডে (ফরম ১০৪এস) লিপিবিদ্ধ করবেন এবং শেষপর্যন্ত শরীরচর্চা শিক্ষক অথবা প্রিন্সিপ্যালের স্থলাভিষিক্ত ব্যক্তি এনওয়াইস ফিটনেসগ্রাম অনলাইন অ্যাপ্লিকেশনের অন্তর্ভুক্ত করবেন। যেসব স্কুলে নার্স রয়েছেনে সেগুলোতে এসব ফলাফল অবশ্যই ওএসএইচ রেকর্ডে (ফরম ১০৩এস) লিপিবিদ্ধ করতে হবে। এনওয়াইসি ফিটনেসগ্রাম এর ফল প্রত্যেক শিক্ষার্থীর বডি মাস ইনডেক্স (বিএমআই) প্রতিষ্ঠিত করার জন্য ব্যবহার করা হবে এবং সেই ফল পিতামাতাকে অবহিত করা হবে।

b. ওরাল হেলথ

সকল নতুন ভর্তি শিক্ষার্থী এবং ৫, ৭ ও ১০ গ্রেডের শিক্ষার্থীরে ওরাল হেলথ পরীক্ষা করানর জন্য জোর সুপারিশ করা হয়।

3. বিশেষ পরিস্থিতি

a. স্পেশাল এডুকেশন ইভ্যাল্যুয়েশন

শিক্ষার্থীর প্রাথমিক মূল্যায়নের অংশ হিশেবে কমিটি অন স্পেশাল এডুকেশন, পিতামাতার সম্মতিক্রমে, শিক্ষার্থীর বিগত বছরের পূর্ণাঙ্গ স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট সংগ্রহ করবে। যেখানে প্রযোজ্য, স্বাস্থ্য পরীক্ষার মধ্যে দৃষ্টি এবং/অথবা শ্রুতি পরীক্ষার ফলও এর অন্তর্ভুক্ত হবে।

---

[1] এই প্রবিধানে "পিতামাতা" শব্দটির অর্থ শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভঅবক, অথবা কোন ব্যক্তি যিনি শিক্ষার্থীর সঙ্গে পিতামাতার অথভা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ. অথবা স্বয়ং শিক্ষার্থীকে বোঝান হয়েছে যদি সে স্বাবলম্বী নাবালক অথবা ১৮ বছর বয়সে পৌঁছে গিয়ে থাকে।

b. ইন্টারস্কলাস্টিক স্পোর্টস

i. ইন্টারস্কলাস্টিক স্পোর্টসে অংশ নেয়ার আগে শিক্ষার্থীকে অবশ্যই স্বাস্থ্য পরীক্ষার প্রমাণ দেখাতে হবে।

ii. একজন ডাক্তার, কর্তব্যরত নার্স অথবা ডাক্তারের সহকারী শিক্ষঅর্থীকে পরীক্ষা করে ডিওইর সুনির্দিষ্ট ইন্টারস্কলাস্টিক স্পোর্টস ফিজিয়োল এক্সামিনেশন ফরমে প্রত্যয়ন করবেন যে শিক্ষার্থীর এমন কোন স্বাস্থ্য সমস্যা নেই যা পাবলিক স্কুলস অ্যাথলেটিক লিগ ("পিএসএএল")এর বিধি অনুসারে খেলায় কিংবা প্রশিক্ষণে শিক্ষার্থীর নিরাপদ অংশগ্রহণের পরিপন্থী। প্রত্যেক বছর নতুন মূল্যায়ন প্রয়োজন হয়।

iii. শিক্ষার্থী যদি এই মূল্যায়ন তার ডাক্তার থেকে সংগ্রহে অসমর্থ হয়, তাহলে একজন ডিওএইচএমএইচ হেলথ ফিজিশিয়ান স্কুলে পরীক্ষাটি করবেন। পিতামাতাকে অবশ্যই পরীক্ষার জন্য লিখিত সম্মতি দিতে হবে। পিতামাতা যদি পরীক্ষার সময়ে উপস্থিত থাকতে না পারেন, তাহলে ডিওএইচএমএইচ অথবা প্রিন্সিপ্যাল/স্কুলাভিষিক্ত ব্যক্তি কর্তৃক নিযুক্ত একজন শ্যাপরন উপস্থিত থাকবেন। ডাক্তারকে অবশ্যই ডিওইর সুনির্দিষ্ট ইন্টারস্কলাস্টিক স্পোর্টস ফিজিয়োল এক্সামিনেশন ফরমে মূল্যায়নের ফল লিপিবদ্ধ করতে হবে।

B. দৃষ্টি এবং শ্রুতি স্ক্রিনিং

1. দৃষ্টি স্ক্রিনিং

a. নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে নতুন আগত সব শিক্ষার্থীকে ভর্তির ছয় (৬) মাসের মধ্যে অবশ্যই স্ক্রিন করতে হবে। এছাড়া, প্রি-কিনডারগার্টেন, কিনডারগার্টেন এবং ১, ৩ ও ৫ গ্রেডের শিক্ষার্থীদের অবশ্যই স্ক্রিন করতে হবে। স্কুল কর্মীরা স্কুলকে শিক্ষার্থীর দৃষ্টি স্ক্রিন করানর পরামর্শ দিতে পারে অথবা তারা যদি মনে শিক্ষার্থীর চোখে সমস্যা আছে যা তাদের স্কুলের কাজে সমস্যা করতে পারে তাহলে পিতামাতাকে পরামর্শ দিতে পারেন তাদের সন্তানকে একজন চোখের ডাক্তারের কাছে নিয়ে যাওয়ার।

b. স্ক্রিনিং পরিচালনা

i. ডিওএইচএমএইচের দল প্রি-কিনডারগার্টেন, কিনডারগার্টেন এবং ১ গ্রেডের শিক্ষার্থীদের দৃষ্টি স্ক্রিন করবেন। অন্যান্য গ্রেডেরশিক্ষার্থী এবং যাদেরকে ডিওএইচএমএইচ স্ক্রিন করেনি তাদের স্ক্রিনিং করার বিষয়টি নিশ্চিত করার দায়িত্ব প্রিন্সিপ্যালের।

ii. ওএসএইচ স্কুলগুলোকে ট্রেনিং এবং স্ক্রিনিংয়ের সামগ্রী জোগাবে।

iii. প্রিন্সিপ্যাল নিশ্চিত করবেন যে স্কুল পরিচালিত (ডিওএইচএমএইচ পরিচালিত নয়) স্ক্রিনিংয়ের ফল এটিএস-এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

c. যেখানে স্কুল দৃষ্টি স্ক্রিনিং পরিচালনা করে, সেখানে এই পরীক্ষাগুলো করতে হবে: দূরের দৃষ্টির তীক্ষ্ণতা এবং কাছের দৃষ্টির তীক্ষ্ণতা। ডিওএইচএমএইচ স্ক্রিনিংয়ে দূরের দৃষ্টির তীক্ষ্ণতা এবং কাছের দৃষ্টির তীক্ষ্ণতার পাশাপাশি সংমিশ্রণ (প্রি-কিনডারগার্টেন, কিনডারগার্টেন এবং প্রথম গ্রেড) এবং রং (শুধু নতুন ভর্তি) চেনার বিষয়টিও অন্তর্ভুক্ত করা যেতে পারে।

d. অবহিতকরণ

i. ফলো আপের সুপারিশ করা সব স্ক্রিনিংয়ের ফল অবশ্যই পিতামাতাদের অবহিত করেতে হবে। যদি ভিশন ফলো আপ প্রয়োজন হয়, তাহলে পিতামাতাদেরকে একটি পরামর্শ পত্র দিতে হবে যাতে লেখা থাকবে শিক্ষার্থীকে একজন চোখের ডাক্তারের (অপটোমেট্রিস্ট অথবা অপথালমোলজিস্ট) কাছে নিয়ে যেতে হবে। ডাকাতার কর্তৃক পূরণ করার জন্য পিতামাতাদেরকে একটি ডিওএইচএমএইচ ই-১২এস ফরমও জোগাতে হবে।

ii. ডিওএইচএমএইচ প্রি-কিনডারগার্টেন, কিনডারগার্টেন এবং ১ গ্রেডের যেসব শিক্ষার্থীকে স্ক্রিন করা হয়নি তাদের নাম প্রিন্সিপ্যালকে অবহিত করবে।

iii. যখন ডিওএইচএমএইচ দৃষ্টি স্ক্রিনিং করবে তখন পিতামাতাকে ফলোআপের কথা পিতামাতাকে তা জানানর দায়িত্ব ডিওএইচএমএইচের।

2. শ্রুতি স্ক্রিনিং

a. শিক্ষার্থীর শ্রুতি সমস্যা আছে যা তার স্কুলের কাজে নেতিবাচক প্রভাব ফেলতে পারে এই উদ্বেগ থেকে একজন শিক্ষক শিক্ষার্থীর শ্রুতি পরীক্ষা করানর জন্য তার পিতামাতাকে পরামর্শ দিতে পারেন।

III. টিকাদানের বাধ্যবাধকতা

A. টিকাদানের বাধ্যবাধ্যকতা – নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ ল (পিএইচএল) §2164 মোতাবেক নিউ ইয়র্ক স্টেটের সব শিক্ষার্থীকে পোলিওমাইটিস, মামস, ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিস, রুবেলা, হেমোফিলাস ইনফ্লুয়েনজা টাইপ (Hib), হেপাটাইটিস বি, ভ্যারিসেল্লা এবং টিডাপ প্রতিষেধক দিতে হয়।

1. রেকর্ড সংরক্ষণ

টিকাকরণের উপাত্ত স্কুল অবশ্যই এটিএস-এ অন্তর্ভুক্ত করবে। স্কুল শিক্ষার্থীর ক্রমপুঞ্জিত রেকর্ডে টিকাকরণের বাধ্যবাধকতা সম্পর্কিত সব রেকর্ড, যার মধ্যে রয়েছে টিকা দেয়ার সার্টিফিকেট, রেহাইয়ের অনুরোধ এবং রেহাই অনুরোধের সিদ্ধান্ত, সংরক্ষণ কবে।

2. নতুন ভর্তি শিক্ষার্থীদের জন্য সাময়িক টিকাকরণের বাধ্যবাধকতা

a. নতুন ভর্তিরা রেজিস্টার করতে পারবে কিন্তু তারা http://schools.nyc.gov/Offices/Health/ImmunizationInfo/default.htm নথিতে প্রতিষ্ঠিত টিকা দেয়ার সাময়িক বাধ্যবাধকতা পূরণ করেছে এটা প্রমাণ না করা অবধি ক্লাস করতে পারবে না। যখন একজন শিক্ষার্থী স্কুলে উপস্থিতির জন্য আবশ্যক টিকা দেয়ার বাধ্যবাধকতা পূরণ করে না, প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত অবশ্যই পিতামাতাদের অবহিত করবেন যে তাদের সন্তানকে স্কুল থেকে বাদ দেয়া হবে যদি না পিতামাতা নোটিস জারির ১৪ দিনের মধ্যে টিকা দেয়ার আরও কাগজপত্র জমা দেন। পিতামাতাকে অবশ্যই এই বাধ্যবাধকতার কথা সতর্কীকরণ চিঠি দ্বারা অবহিত করতে হবে। যদি ১৪ দিন সময়সীমার মধ্যে কাগজপত্র হস্তগত না হয়, তাহলে প্রিন্সিপ্যাল অবশ্যই লিখিত চিঠি দিয়ে পিতামাতাকেবাদ দেয়ার সিদ্ধঅন্ত অবহিত করবেন। যদি শিক্ষার্থীকে বাদ দেয়া হয় তাহলে অনুপস্থিতির কারণ হিশেবে উপস্থিতির কোড ১৭ উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, যদি টিকা দেয়ার কিছু কাগজপত্র থাকে, প্রিন্সিপ্যাল একজন শিক্ষার্থীকে অন্য একটি স্টেট বা কাউন্টি থেকে সর্বোচ্চ ৩০ দিনের জন্য বদলির অনুমতি দিতে পারেন (এর অন্তর্ভুক্ত উপরে উল্লিখিত ১৪ দিনের সময়সীমা)। একজন লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক থেকে লিখিত প্রমাণপত্র ৩০ দিনের মধ্যে অবশ্যই হস্তগত হতে হবে নইলে শিক্ষার্থীকে স্কুল থেকে বাদ দেয়া হবে।

b. ম্যাককিনি-ভেন্টো অ্যাক্ট মোতাবেক একজন গৃহহীন শিক্ষার্থীকে টিকা দেয়ার কাগজপত্র দেখাতে অসমর্থ হওয়ার কারণে স্কুলে ভর্তি হতে বাধা দেয়া বা ক্লাস থেকে বাদ দেয়া যাবে না। কাগজপত্র সংগ্রহের ব্যাপারে স্কুল তাকে অবশ্যই সহায়তা করবে। যদি শিক্ষার্থীর এধরনের নথিপত্রের অভাব থাকে তাহলে স্কুল শিক্ষার্থীকে টিকা নেয়ায় সাহায্য করবে। যদি শিক্ষার্থী টিকা দেয়ার আবশ্যকতা পূরণ না করে, তাহলে উপরের পদ্ধতি অনুসরণ করে শিক্ষার্থীকে স্কুল থেকে বাদ দেয়া যেতে পারে।

3. পূর্ণ টিকার বাধ্যবাধকতা

a. সুনির্দিষ্ট টিকাকরণের বাধ্যবাধকতা

১৮ বছর বয়সী শিক্ষার্থীর বাধ্যবাধকতা সম্পর্কিত তথ্য http://schools.nyc.gov/NR/rdonlyres/26D35D93-81EC-4175-ACAC-A06B13120F48/62345/MedReq2009.pdf

b. শিক্ষার্থীদেরকে আইন দ্বারা নির্ধারিত সময়সীমার মধ্যে অবশ্যিই পূর্ণ টিকাগ্রহণের বাধ্যবাধকতা পূরণ করতে হবে। সাময়িক স্ট্যাটাস নিয়ে ভর্তি শিক্ষার্থীদের যারা পূর্ণ টিকাগ্রহণের আবশ্যিক অগ্রগতি অর্জন করছে না এটিএস স্বতোক্রিয়ভাবে তাদের রেকর্ড নজরে আনবে।

c. উপরে উল্লিখিত টিকাগ্রহণের বাধ্যবাধকতা ১৮ বছর বা বেশি বয়সী শিক্ষার্থীদের বেলায় প্রযোজ্য নয়। তবে এসব শিক্ষার্থীকে অ্যাডভাইজরি কমিটি অন ইম্যুনাইজেশন প্র্যাকটিসেস (এসআইপি) কর্তৃক সুপারিশকৃত টিকাগুলো শিক্ষার্থীদের গ্রহণ করার জন্য তাগিদ দেয়া হয়।

4. টিকাগ্রহণের বাধ্যবাধকতা থেকে রেহাই

এনওয়াইএস পাবলিক হেলথ ল (পিএইচএল) § 2164 এবং নিউ ইয়র্ক সিটি হেলথ কোড নিচের স্বাস্থ্যগত এবং ধর্মীয় কারণগুলোর জন্য টিকাগ্রহণে রেহাই অনুমোদন করে:

a. স্বাস্থ্যগত রেহাই

পিতামাতাকে নিউ ইয়র্ক স্টেটের লাইসেন্সধারী একজন ডাক্তার অথবা পেশাদার নার্সের লিখিত বিবৃতি জমা দিতে হবে যেখানে সুনির্দিষ্ট টিকা(সমূহের) সঙ্গে বৈধ স্বাস্থ্যগত দ্বন্দ্বের উল্লেখ থাকবে। স্কুল কর্মকর্তারা রেহাইয়ের অনুরোধ আইএসসি হেলথ ডিরেক্টরের কাছে পাঠাবে, এবং তিনি এটি ডিওএইচএমএইচে জমা দেবেন। ডিওএইচএমএইর একজন ডাক্তার স্বাস্থ্যগত রেহাইয়ের অনুরোধ পর্যালোচনা, অনুমোদন অথবা প্রত্যাখ্যান করবেন। রেহাই প্রতি স্কুলবছরে শুরুতে নবায়ন করতে হবে। ডাক্তারের বিবৃতি শিক্ষার্থীর স্কুল হেলথ রেকর্ডের সঙ্গে সংযুক্ত করা হবে এবং রেহাই এটিএস-এর অন্তর্ভুক্ত করা হবে।

b. ধর্মীয় রেহাই

i. একজন পিতামাতা একজন পিতামাতা বা অভিভাবকের "যথার্থ এবং অকৃত্রিম ধর্মীয় বিশ্বাস" এর নিরিখে টিকা থেকে রেহাইয়ের অনুরোধ করতে পারেন।

ii. পদ্ধতি

পিতামাতাকে অবশ্যই অনুরোধের কারণ ব্যাখ্যা করে ব্যক্তিগতভাবে একটি লিখিত চিঠি দাখিল করতে হবে। স্কুল চিঠিটি আইএসসি হেলথ ডিরেক্টরের কাছে পাঠিয়ে দেবে যিনি এরপর সেটা 49-51 Chambers Street, Room 600 ঠিকানায় কেন্দ্রীয় ওএসএইচ দফতরে পাঠিয়ে দেবেন। ওএসএইচ অনুরোধ অনুমোদন অথবা প্রত্যাখ্যান করবে এবং পিতামাতা, প্রিন্সিপ্যাল এবং আইএসসি হেলথ ডিরেক্টরকে সেকথা অবহিত করবে। এই প্রাথমিক নিরূপণ সম্পন্ন হওয়ার আগে অবধি শিক্ষার্থীকে স্কুল করতে দেয়া হবে।

যদি রেহাইয়ের অনুরোধ প্রত্যাখ্যাত হয়, পিতামাতা প্রত্যাখ্যানের চিঠি পাওয়ার ১০ স্কুল দিবসের মধ্যে আইএসসি হেলথ ডিরেক্টরের সঙ্গে ব্যক্তিগত সাক্ষাতের মাধ্যমে প্রত্যাখ্যানের বিরুদ্ধে আপিলের জন্য অনুরোধ করতে পারেন। সাক্ষাতে পিতামাতা অনুরোধের সপক্ষে আরও প্রমাণ দাখিলের সুযোগ পাবেন। প্রমাণের সামগ্রিকতার প্রেক্ষাপটে ওএসএইচ চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। ওএসএইচ অনুমোদিত সকল ধর্মীয় রেহাই এটিএস-এ লিপিবদ্ধ করবে এবং প্রতিটা অনুরোধের একটি স্থায়ী ফাইল রাখবে। এই আপিল পর্বে শিক্ষার্থীকে স্কুলে থাকতে দেয়া হবে।

c. প্রতিষেধক দ্বারা নিরোধযোগ্য রোগের প্রাদুর্ভাবকালে বিরতকরণ

i. ডিওএইচএমএইচ-এর অধিকার আছে একটি শিক্ষার্থীকে বাদ দেয়ার জন্য স্কুলকে বাধ্য করায় যদি সেই শিক্ষার্থী স্বাস্থ্যগত বা ধর্মীয় কারণে রেহাই পেয়ে থাকে এবং উক্ত স্কুলে আরেকজন শিক্ষার্থীর প্রতিষেধক দ্বারা নিরোধযোগ্য অসুখ হয়েছে বলে নিরূপিত হয়ে থাকে (যেমন জলবসন্ত, হাম, মামস)[1]

ii. এই ধরনের বিরতকরণ টিকা নেয়া শিক্ষার্থীর অসুখটির সংক্রমণের সম্ভাবনা দূর হওয়ার সময়ের পর থেকে সর্বোচ্চ তিন (৩) সপ্তাহ অবধি হতে পারে।

5. নিউ ইয়র্ক স্টেট কমিশনার অভ এডুকেশনের কাছে আপিল

টিকাকরণের আবশ্যকতা হেতু স্কুলে প্রবেশে অথবা উপস্থিতিতে বিরত রাখা অথবা যার রেহাইয়ের আবেদন প্রত্যাখ্যাত হয়েছে এমন একজন শিক্ষার্থীর পিতামাতা, অভিভাবক, অথবা শিক্ষার্থীর সঙ্গে পিতামাতার সঙ্গে আবদ্ধ ব্যক্তি এনওয়াইএস এডুকেশন আইনের 310.6-a ধারা অনুসারে কমিশনার অভ এডুকেশনের কাছে আপিলের দরখাস্ত করতে পারেন। এই আপিল পর্বে শিক্ষার্থীকে স্কুলে থঅকতে দেয়া হবে না।

IV. <u>যক্ষ্মা পরীক্ষা</u>

A. এনওয়াইসি সেকেনডারি স্কুলে প্রথমবারের মত ভর্তি সব শিক্ষার্থীর অবশ্যই মান্টো টিউবারকুলিন স্কিন টেস্ট (পিপিডি নামেও পরিচিত), পরীক্ষঅর ৪৮-৭২ ঘন্টার মধ্যে রিডিং গ্রহণের তারিখসহ, থাকতে হবে। অনুমোদিত রক্তভিত্তিক যক্ষ্মা পরীক্ষাও ব্যবহার করা যেতে পারে।

1. http://schools.nyc.gov/Offices/Health/TuberculosisTesting/default.htm নথি মোতাবেক প্রামাণিক পজিটিভ মান্টো টেস্ট অথবা অনুমোদিত রক্তভিত্তিক পরীক্ষার ফল গ্রহণযোগ্য, পরীক্ষার তারিখ যাই হোক না কেন। সাধাণ বুকের এক্সরে এবং আগের যেকোন তারিখের পজিটিভ মান্টো টেস্ট গ্রহণযোগ্য। প্রামাণিক নেগেটিভ টেস্ট শুধুমাত্র তখনই গ্রহণযোগ্য যদি তা স্কুলে ভর্তির একবছরের অথবা ভর্তির ১৪ স্কুল দিবসের মধ্যে করা হয়ে থাকে। বিসিজি টিকাগ্রহণের ইতিহাস আছে এমন শিক্ষার্থীকেও পরীক্ষা করতে হবে।

2. পজিটিভ মান্টো টেস্ট গ্রহণযোগ্য এমনকি তা এমএমআর অথবা ভ্যারিসেল্লা দেয়ার চার সপ্তাহের মধ্যে হলেও। তবে নেগেটিভ টেস্ট ক্লিনিকালি বৈধ নয় েএবং তাই এমএমআর অথবা ভ্যারিসেল্লা টিকা দেয়ার ১ থেকে ২৮ দিন পরে করা হয়ে থাকে। যখন মান্টো টেস্ট ক্লিনিকালি নির্ভরযোগ্য নয় তখন শিক্ষার্থী এই চার সপ্তাহ ক্লাস করতে পারে।

B. পজিটিভ মান্টো টেস্ট এমন শিক্ষার্থীর ১৪ দিনের মধ্যে স্বাস্থ্য পরীক্ষা এবং বুকের এক্স রে করাতে হবে তবে তাকে এই মধ্যবর্তী পর্যায়ে স্কুল করতে দেয়া যেতে পারে যদি না শিক্ষঅর্থীর পিপিডি পড়ে মেডিক্যাল প্রোভাইডার অন্যরকম সাব্যস্ত করেন।

C. যদি না যক্ষ্মা পরীক্ষা আগে অথবা এমএমআর এর দিন দেয়া হয়ে থাকে, তাহলে শিক্ষার্থীকে অবশ্যই ছয় (৬) সপ্তাহ অপেক্ষঅ করতে হবে যক্ষ্মা পরীক্ষার আগে। তবে শিক্ষার্থীকে এর মাধে স্কুলে উপস্থিত হতে অনুমতি দেয়া যায়।

D. স্কুল থেকে বিরতকরণ

ভর্তির সময় নিয়ম পূরণ না করা শিক্ষার্থীরা স্কুল থেকে বিরতকরণের নোটিস লাভ করবে এবং স্কুল থেকে বাদ পড়বে যদি; ১) উপরে বর্ণিত নিয়মে অথবা বিরতকরণের নোটিসের মধ্যে তাদের মান্টোর নথি না থাকে; অথবা ২) তারা নুতন ভর্তি যাদের পজিটিভ মন্টো টেস্ট রিঅ্যাকশন ধরা পড়েছে এবং ১৪ স্কুল দিনের মধ্যে বুকের এক্স রে র প্রমাণ জমা দেয়নি।

E. রেহাই

টিকাকরণ থেকে স্বাস্থ্যগত ও ধর্মীয় রেহাই (দ্রষ্টব্য এই প্রবিধানের III.A.4 ও 5 ধারা) যক্ষ্মা পরীক্ষার ক্ষেত্রেও প্রযোজ্য।

V. <u>ওষুধ ও সংস্থান</u>

A. এফিড্রিন (এপি-পেন)

আনুমানিক ১% শিক্ষার্থীর খাবার (বিশেষ করে বাদাম ও অন্যান্য বাদাম) পোকার কামড়ে মারাত্মক অ্যঅলার্জি আছে যা থেকে জীবনসংশয় দেখা দিতে পারে। এ ধরনের প্রতিক্রিয়ার সবচেয়ে ভাল চিকিৎসা এপিনেফ্রিন ইনজেকশন (এপি-পেন আকারে)। ডিওএইচএমএইচ কর্মচারীদের দ্বারা জরুরি অবস্থায় ব্যবহারের জন্য মেডিক্যাল রুমে এপি-পেন মজুদ করে। ওএসএইচ শিক্ষক, প্যারাপ্রফেশনাল এবং অন্যান্য কর্মচারীকে মারাত্মক অ্যালার্জিতে আক্রান্ত শিক্ষার্থীদের সঙ্গে কাজ করা এবং এপি-পেন ব্যবহারের জন্য প্রশিক্ষণ দেবে। দ্রষ্টব্য চ্যান্সেলরের প্রবিধান A-715.

B. অন্যান্য ওষুধ

1. ওষুধ স্কুলে দেয়া যাবে যদি এটি প্রয়োজন হয় শিক্ষার্থীকে তার শিক্ষা কর্মসূচিতে অংশগ্রহণে অনুমতি দেয়ার জন্য। একজন হেলথ কেয়ার প্রোভঅইডার (ডাক্তার, পেশাদার নার্স, অথবা ডাক্তারের অনুমতিসহ ডাক্তারের সহকারী) যার নিউ ইয়র্ক, নিউ জার্সি অথবা কানেটিকাটে প্রেসক্রিপশন লেখার লাইসেন্স আছে অবশ্যই একটি মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফরম ("এমএএফ") পূরণ করবেন স্কুলের দিনে ওষুধ দেয়ার নিদানপত্র লিখে। পিতামাতারা তাদের সন্তানের স্কুলে অথভা ডিওই ওয়েবসাইট থেকে এই ফরম সংগ্রহ করতে পারবেন। এমএএফ-এর কোন পরিবর্তন অবশ্যই লিখিত এবং একজন হেলথ কেয়ার প্রোভঅইডার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। প্রত্যেক স্কুল বছরের শুরুতে একটি নতুস এমএএফ দাখিল করতে হবে।

2. সব ওষুধ মূল ফার্মাসি পাত্রে স্কুলে সরবরাহ করতে হবে। স্কুল নার্স অথবা প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত ব্যক্তি তালাবন্ধ কেবিনেটে অথবা রেফ্রিজারেটরে ওষুধ স্টোর করবেন। নার্স অথবা স্কুলের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি স্কুলে ওষুধ লাভের অনুমোদনপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থীর জন্য একটি ওিষধের লগ (এবংবির্ণিত সকল নথি) সংরক্ষণ করবেন। জুনিয়র হাই স্কুল এবং হাই স্কুলের শিক্ষার্থীরা এমএএফ-এ ডাক্তার ও পিতামাতার অনুমোদনসাপেক্ষে নিজেরাই ওষুধ নিতে পারবে।

3. একজন শিক্ষার্থী ওষুধের আবশ্যকতা ছাড়াও রিহ্যাবলিটেশন আইন ১৯৭৩ এর ৫০৪ ধারা মোতাবেক সংস্থান চাইতে পারে। যথাযথ পদ্ধতির জন্য চ্যান্সেলরের প্রবিধান A-710 দেখুন।

VI. জরুরি মেডিক্যাল অবস্থা

A. জরুরি বাড়ির যোগাযোগ

প্রত্যেক শিক্ষার্থীর এটিএস ফাইলে এবং এমার্জেন্সি হোম কনট্যাক্ট কার্ডে যা নীল কার্ড নামে পরিচিত (দ্রষ্টব্য এনওয়াসি হেলথ কোড § 45.19) অবশ্যই জরুরি যোগাযোগের তথ্য থাকতে হবে। শিক্ষার্থী স্কুলে ভর্তির সময় নীল কার্ড পূরণ করতে এবং প্রতি বছর অথবা প্রয়োজনবোধে আরও ঘন ঘন হালনাগাদ করতে হবে।

B. ফার্স্ট এইড

1. যখন একজন শিক্ষার্থী জখন হয় বা অসুস্থ হয়ে পড়ে এবং তার তাৎক্ষণিক চিকিৎসা দরকার হয় তখন প্রিন্সিপ্যাল প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করবেন এবং পিতামাতাকে জানাবেন (দ্রষ্টব্য এনওয়াইসি হেলথ কোড§ 49.15)। স্কুলে ফার্স্ট এইড শিক্ষঅর্থীর তাৎক্ষণিক চিকিৎসা দেয়ার মধ্যে সীমাবদ্ধ।

2. যদি পরিস্থিতি স্কুলে দেয়ার মত অবস্থার চেয়ে আরও জরুরি পরিচর্যা দাবি করে তাহলে 911-এ ফোন করতে হবে। প্রিন্সিপ্যাল এবং পিতামাতা/অভিভাবককে জানাতে হবে যে 911-এ ফোন করা হয়েছে। যখন অ্যামবুলেন্স আসবে তখন যদি পিতামাতা উপস্থিত না থাকেন, তাহলে তাহলে প্রিন্সিপ্যাল অবশ্যই অ্যামবুলেন্সে এবং পিতামাতা না আসা অথবা দিন শেষ না হওয়া অবধি শিক্ষার্থীর সঙ্গে থাকার জন্য কাউকে দায়িত্ব দেবেন। যদি এই ব্যক্তিকে পিতামাতার আসার আগেই হাসপাতাল ত্যাগ করতে হয় তাহলে তিনি প্রিন্সিপ্যালের সঙ্গে যোগাযোগ করবেন এবং শিক্ষার্থীকে হাসাপাতালের হেফাজতে রাখার জন্য হাসপাতাল প্রশাসনের সঙ্গে ব্যবস্থঅ করবেন।

3. ফার্স্ট এইড দেয়ার সময়ে সংক্রামক ব্যাধি নিরোধে সর্বজনীন সাবধানতা ও সংক্রমণ নিয়ন্ত্রণ অনুশীলনগুলো অবশ্যই অনুসরণ করতে হবে।

C. অটোমেটেড এক্সটার্নাল ডিফিব্রিলেটর (এইডি)

1. প্রত্যেক স্কুলে অবশ্যই কমপক্ষে একটি অটোমেটেড এক্সটার্সাল ডিপিব্রিলেটর ("এইডি") থাকতে হবে এবং স্কুল পৃষ্ঠপোষিত অথবা স্কুল অনুমোদিত সকল পাঠক্রম ও পাঠক্রম বহির্ভূত ইভেন্ট অথবা অ্যাকটিভিটিতে এইডি ব্যবহারে এবং কার্ডিওপালম্যুনারি রিসাসিয়েশন ("সিপিআর") প্রদানে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী উপস্থিতি থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। স্থান বা সময় নির্বিশেষে স্কুল পৃষ্ঠপোষিত সকল অ্যাথলেটিক প্রতিযোগিতায় প্রশিক্ষণপ্রাপ্ত এইডি/সিপআর উপস্থিতিতে এইডি লভ্য রাখঅর বিষয়টিও নিশ্চিত করতে হবে। বেশির ভাগ ক্লাস ট্রিপে এইডি আবশ্যক হয় না।

2. পাবলিক স্কুল স্থাপনা এবং এবং কর্মীরা "জন অভিগম্য ডিফিব্রিলেশন প্রোভঅইডার" হিশেবে বিবেচিত হন এবং তাদেরকে পাবলিক হেল ল ("পিএইচএল") ধারা § 3000 (a), (b), ও (c) তে সংজ্ঞায়িত আবশ্যকতা, সীমাবদ্ধতা এবং দায় মেনে চলতে হয়। প্রিন্সিপ্যালকে স্কুলের সকল কর্মসূচি ও অনুষ্ঠানে এই আইন মোতাবেক এইডি লভ্যতা এবং এইডি ব্যবহারে ও কার্ডিওপালম্যুনারি রিসাসিয়েশন ("সিপিআর") প্রদানে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী উপস্থিতি থাকার বিষয়টি নিশ্চিত করতে হয়। ওএসএইচ কর্মী (এইডি প্রোগ্রামের জন্য ডিওই-র সঙ্গে চুক্তিবদ্ধ এজেন্সির সাথে) এইডি স্থাপনের রেকর্ড সংরক্ষণ, মাঝে মাঝে এইডিগুলো পরখ করা এবং কর্মীদের নিয়মিত প্রশিক্ষণ দান নিশ্চিত করেন।

3. এইডি আবশ্যকতা সম্পর্কে আরও জানতে দেখুন: http://www.p12.nysed.gov/sss/schoolhealth/schoolhealthservices/Article19Sections.html.

D. রিসাসিয়েট করবেন না ("ডিএনআর") আদেশ

একজন পিতামাতা শিক্ষার্থীর প্রিন্সিপ্যালের কাছে একটি আউট-অভ হসপিটাল ডিনার অর্ডার গ্রহণ করার জন্য ডিওই-র কাছে অনুরোধ জানাকে পারেন। প্রিন্সিপ্যাল অনুরোধটি পর্যালোচনার ওএসএইচ-এর কাছে পাঠাবে। ওএসএইচ ডিওই-র অভিফস অভ লিগ্যাল সার্ভিসের সঙ্গে পরামর্শক্রমে সিদ্ধান্ত নিয়ে প্রিন্সিপ্যাল এবং যথাযথ কর্মীদের জানিয়ে দেবে।

VII. স্কুলভিত্তিক মেডিক্যাল স্থাপনা

A. স্বাস্থ্য কর্মীদের জন্য স্কুল স্থাপনা

1. মেডিক্যাল রুম

সুরক্ষা, ব্যক্তিগত এবং ডাক্তারি তথ্যের গোপনীয়তা রক্ষায় স্কুল মেডিক্যাল রুমগুলোয় যথাসম্ভব নিচের বৈশিষ্ট্যগুলো থাকবে:

a. পর্যাপ্ত আয়তন (সাধঅরণত কমপক্ষে ২০০ বর্গফুট)

b. গরম ও ঠাণ্ডা পানির ট্যাপযুক্ত একটি সিংক

c. মেঝে থেকে ছাত অবধি দেয়াল

d. ভেতর দিয়ে চলাচলের ব্যবস্থা না থাকা

e. ফোন

f. ইন্টারনেট সংযোগ

বাড়তি গুরুত্বপূর্ণ বৈশিষ্টগুলো হচ্ছে শিক্ষার্থীদের জন্য অপেক্ষা করার নির্ধারিত জায়গা, শিক্ষার্থীদের জন্য নিকটবর্তী বাথরুম, পর্যাপ্ত তাপ, আলো এবং ভেন্টিলেশন এবং স্কুলে একটি উপযোগী স্থান।

B. স্কুল-ভিত্তিক হেলথ সেন্টার

1. স্কুলভিত্তিক হেলথ সেন্টারগুলো ("এসবিএইচসি") সেসব শিক্ষার্থীকে নিরোধমূলক এবং প্রাথমিক স্বাস্থ্য সেবা জোগায় যাদের পিতামাতা সেন্টারের জন্য এনরোলমেন্ট প্যাকেজ পূরণ করেছেন। এসবিএইচসি মেডিক্যাল রেকর্ডগুলো আর্টিকল ২৮ প্রোভাইডার হিশেবে এসবিএইচসি-র সম্পত্তি। এনওয়াইএস ডিপার্টমেন্ট অভ হেলথ ("এনওয়াইএসডিওএইচ") কে অবশ্যই সব এসবিএইচসিকে অনুমোদন করতে হবে।

2. স্কুলভিত্তিক হেলথ সেন্টার প্রতিষ্ঠার পদ্ধতি

নিউ ইয়র্ক স্টেটে এসবিএইচসি প্রতিষ্ঠা রার আবেদন পূরণ করে এনওয়াইএসডিওএইচ-এর ব্যুরো অভ চাইল্ড অ্যান্ড অ্যাডোলসেন্ট হেলথ বরাবর পাঠিয়ে দিতে হবে। ওএসএইচ থেকে একটি প্রমিত সমঝোতা স্মারক ("এমওইউ") চুক্তি সংগ্রহ করতে হবে। এমওইউর সংযুক্তি এফ "স্কুলের তথ্য এবং অনুমোদন ফরম" এবং এমপাওয়ারমেন্ট স্কুলের জন্য সংযুক্তি এফ-২ "এমপাওয়ারমেন্ট স্কুলের জন্য স্কুলের তথ্য এবং অনোদন ফরম" অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে স্বাক্ষর করতে হবে। ওএসএইচ ডিরেক্টর চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি হিশেবে এবং হেলথ কেয়ার প্রোভাইডার এমওইউ কার্যকরী করেন চুক্তিতে নোটারিকৃত স্বাক্ষর দিয়ে। পরিশেষে, একটি পূর্ণাঙ্গরূপে কার্যকরী এমওইউ কপি এনওয়াইএসডিওএইচ বরাবর আবেদনের সঙ্গে যুক্ত করতে হবে। এনওয়াইএসডিওএইচ এসবিএইচসি স্থাপনায় অনসাইট মূল্যায়ন পরিচালনা করবে। এনওয়াইএসডিওএইচ-এর ব্যুরো অভ চাইল্ড অ্যান্ড অ্যাডোলসেন্ট হেলথ এবং ডিওই-র অনুমোদন ব্যতীত এসবিএইচসি কাজ শুরু করতে পারবে না। ডিওই-র কাছে করা পূরণকৃত ও অনুমোদিত আবেদনের একটি কপি এই ঠিকানায় পাঠাতে হবে: Manager of School-Based Health Centers, Office of School Health, 49-51 Chambers Street, Room 600, New York, NY 10007.

VIII. অন্যান্য স্কুল হেলথ প্রজেক্ট

স্বাস্থ্য পরিসেবা এবং স্বাস্থ্য অ্যাকটিভিটি পরিচালনাকারী স্কুল হেলথ প্রজেক্টগুলো স্কুল হেলথ প্রোগ্রামের সম্পূরক হিশেবে কাজ করতে পারে। এধরনের প্রজেক্টের প্রস্তাব ডিওই কর্মকর্তা, অন্যান্য সরকারি ইউনিট, অথবা প্রাইভেট অর্গানাইজেশনগুলো করতে পারে। প্রজেক্টগুলোর মধ্যে থাকতে পারে স্পেশাল স্ক্রিনিং টেস্ট, স্বাস্থ্য বিষয়ক তথ্য, প্যামলেট অথবা এই ধরনের সামগ্রী বিতরণ অথবা শিক্ষার্থীদের রেকর্ড কিংবা কোয়েশ্চনিয়ার থেকে উপাত্ত সংগ্রহ। সুনির্দিষ্ট শিক্ষার্থী সম্পর্কে তথ্য দেয়ার আগে পিতামাতার সক্রিয় সম্মতি প্রয়োজন হবে।

ওএসএইচকে অবশ্যই অনুমোদনের আগে এধরনের প্রজেক্ট রিভিউ করতে হবে। প্রজেক্টে যদি গবেষণার ব্যাপার তাহলে এটি অবশ্যই ডিওইর ডিভিশন অভ অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি প্রোপজাল রিভিউ কমিটি থেকে অনুমোদিত হতে হবে। গবেষণার গাইডলাইন সম্পর্কে বাড়তি তথ্য পাওয়া যেতে পারে এই ঠিকানায়: the Division of Assessment and Accountability, Research and Policy Support, NYC Department of Education, 52 Chambers Street, New York, NY, 10007.

প্রজেক্ট শেষে প্রজেক্টের মূল্যায়ন যথাযথ পক্ষের কাছে অবশ্যই দাখিল করতে হবে।

NYC Department of Education

IX. অনুসন্ধান

এই প্রবিধান সম্পর্কিত প্রশ্ন নিচের ঠিকানায় করতে হবে:

ফোন: 718-391-8116	*Office of School Health* N.Y.C. Department of Education 28-11 Queens Plaza North – Room 402 LIC, NY 11101	ফ্যাক্স: 718-391-8128